# ১১নংশাহবাজপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা-জামালপুর সদর,জেলা-জামালপুর ।

বিষয়:শাহবাজপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারী/২০২১মাসের সভার কায্যবিবরণী।

সভাপতি:মোঃ আয়ুব আলী খান — পদবী-ইউপি চেয়ারম্যান

সভার স্থান:ইউনিয়ন পরিষদ কার্যালয়

সময়:বেলা..১২ ঘটিকা — তারিখ:১০-০২-২০২১

(সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর সংযুক্ত)

সভাপতি উপস্থিত সদস্যদের স্বগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন ।অতপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনরুপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় ।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা/পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান সাহেব তার ইউনিয়ন পরিষদের সামগ্রিক কর্মকান্ডের বিবরণ দেন ।তিনি অত্র ১১নং শাহবাজপুর ইউনিয়নের নারীর শ্লীলতাহানী ,নারীর বিরুদ্ধে অপরাধ,শিশু অধিকার আইন,নারী ও শিশু সহ মানব প্রচার পরিলক্ষত হয় নাই ।যদি কোথাও দেখা যায় তৎক্ষণাত আশ্রয় নেওয়ার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয় । তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন । | সকল সেবা প্রদানকারী সংগঠন ও ইউনিয়নের জনগনকে আইন শৃংখলা বিষয়ে সজাগ থাকতে হবে । | ইউনিয়ন পরিষদ |
| ০২. | শিক্ষা বিভাগ | শিক্ষা বিভাগ প্রতিনিধি বলেন যে,ইউনিয়নে শিক্ষার উন্নয়নে একটি দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি সৃষ্টি এবং উহা ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহন করার প্রয়োজন ।প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ।কাজেই সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন । | সকল শিশুকে স্কুলে পাঠানোর জন্য উদ্যোগ নিতে হবে । | শিক্ষা বিভাগ |
| ০৩. | কৃষি বিভাগ | সভায় উপস্থিত উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃসুজন মিয়া জানান বর্তমানে শাহবাজপুর ইউনিয়নে এ বিভাগে কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তালিকভূক্ত চাষীদের মাঝে বিভিন্ন ধরনের সবজি বীজ সার বিতরণ কাজ চলমান আছে। সবজি বীজ সার যাতে কৃষকেরা পায় সে জন্য এ দিকে লক্ষ্য রাখা প্রয়োজন । | তালিকভূক্ত চাষীদের মাঝে বিভিন্ন ধরনের সবজি বীজ সার বিতরণ কাজ চলমান । | ইউনিয়ন পরিষদ ও কৃষি বিভাগ |
| ০৪. | আনসার ও ভিডিপি | আনসার ভিডিপি দলনেতা জানান তার কাজ সুষ্ঠভাবে চলছে ।বর্তমানে কোন প্রশিক্ষনের ব্যবস্থা নেই ।ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে ।উক্ত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ইউপির সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে । | আনসার ভিডিপি দলনেতা ও ইউপি |
| ০৫. | সমাজসেবা অফিস | ইউনিয়ন সমাজকর্মী জানান বয়স্ক,বিধবা ও পুংগুদের ভাতাভোগীর আওতায় আনা হবে ।ইউনিয়নের বরাদ্দ অনুপাতে ভাতাভোগী নির্বাচন করতে হবে এ ব্যাপারে সহযোগিতা কামানা করেন । | ইউনিয়নের বরাদ্দ অনুপাতে ভাতাভোগী নির্বাচন করতে হবে | ইউপি ওসমাজ সেবা অফিস । |
| ০৬. | জনস্বাস্থ্য অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে,এলজিএসপি হতে নলকূপ ও ল্যাট্রিন প্রদান করা হয়ে থাকে ।এ ব্যাপারে জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হলে দ্বৈততা পরিহার করা যায় । | জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হবে । | জনস্বাস্থ্য অফিস ও ইউপি |
| ০৭. | স্বাস্থ্য বিভাগ | সভায় উপস্থিত উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে,তার অফিসে কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।গর্ভবর্তী মহিলাদের ডেলিভারী করানোর জন্য কমিউনিটি ক্লিনিকে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন । | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে । | উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্ত ও ইউপি |
| ০৮. | বিআরডিবি অফিস | বিআরডিবি প্রতিনিধি জানান যে,তার বিভাগের কার্যক্রম ঠিকমত চলছে । গ্রাম কমিটির মাধ্যমে ইউনিয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকি ।ভবিষ্যৎ কার্যক্রম সঠিকভাবে চালানোর জন্য ইউপির সহযোগিতা কামনা করেন । | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে । | বিআরডিবি অফিস ও ইউপি |
| ০৯. | স্থায়ী কমিটি | সভাপতি শিক্ষা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি জানান যে,বয়স্ক শিক্ষা চালু করা দরকার এবং পরিবার পরিকল্পনা কাযক্রম সঠিকভাবি নিয়ন্ত্রন করার ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | এ ব্যাপারে উপজেলা সমন্বয় কমিটিতে বিষয়টি আলোচনার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করা হলো । | ইউপি স্থায়ী কমিটি ,কমিউনিটি ক্লিনিক কর্তৃপক্ষ । |
| ১০. | কাজী | সভায় উপস্থিত নিকাহ রেজিষ্টার জনাব কাজী মোঃমুক্তার হোসেন জানান যে,এ ইউনিয়নের তার কার্যক্রম ঠিকমত চলছে ।তিনি বাল্য বিবাহ বন্ধের জন্য ইউনিয়ন পরিষদের সক্রিয় সহযোগিতা কামনা করেন । সভাপতি সাহেব জন্ম নিবন্ধন সার্টিফিকেট এবং উপযুক্ত প্রমাণ সাপেক্ষে বিবাহ রেজিষ্টারী করার জন্য বলেন । | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ইউপি ও অন্যান্য দপ্তরের বিভাগীয় প্রতিনিধি গন সহযোগিতা করবে । | সংশ্লিষ্ট কাজী ও ইউপি |
| ১১. | তথ্য ও সেবা কেন্দ্র | সভায় উপস্থিত তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা মোঃছানোয়ার বলেন যে, তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চলছে ।ইউপি সচিব পরেশ চন্দ্র বলেন যে,সরকারী গেজেট অনুসারে শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার বিধান রয়েছে ।উক্ত বিষয়ে অলোচনা করে ইপি আই কর্মসূচী এবং স্বাস্থ্যকর্মীর মাধ্যমে শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন নিশ্চিত করতে করতে হবে ।উক্ত নিবন্ধের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সাপেক্ষে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন করার জন্য জনগনকে সচেন করতে হবে ।তিনি সেবা প্রদান কার্যক্রম আরোও উন্নয়নের জন্য ইউপির সহযোগিতা কামনা করেন । | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে । | উদ্যোক্তা ও ইউপি |
| ১২. | কৃত্রিম প্রজনন | সভায় উপস্থিত কৃত্রিম প্রজনন জানান যে,গরু মোটাতাজা করনের লক্ষ্যে উন্নতমানের বীজ প্রজনন করা হয়ে থাকে ।তিনি বলেন ইউনিয়ন পরিষদের সেন্টারে লোক কম আসে কাওজই বাড়ী বাড়ী গিয়ে প্রজনন করা হয় ।এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন । | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে । | কৃত্রিম প্রজনন বিভাগ ও ইউপি |

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্ত ঘোষনা করেন।

10.2.2021

মোঃ আয়ুব আলী খান
চেয়ারম্যান/সভাপতি
১১নং শাহবাজপুর ইউনিয়নপরিষদ
জামালপুরসদর, জামালপুর